বর্ডার গার্ড বাংলাদেশ এর মাসিক প্রকাশনা

# বিজিবি বুলেটিন

• তৃতীয় বর্ষ • ৭ম সংখ্যা • আষাঢ়-শ্রাবণ ১৪২৯ • সময়সীমা : ০১-৩১ জুলাই ২০২২

## বিজিবি মহাপরিচালকের কার্যক্রম




০৪ জুলাই ২০২২ তারিখে রাজশাহী ব্যাটালিয়ন (১ বিজিবি) পরিদর্শনকালে ২২৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে কেক কেটে ব্যাটালিয়নের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি।



## সূচিপত্র

বিজিবি মহাপরিচালকের কার্যক্রম |
আভিযানিক কার্যক্রম |
প্রশিক্ষণ কার্যক্রম |
সিজার প্রতিবেদন |
মৃত্যু প্রতিবেদন |
দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ |



১০ জুলাই ২০২২ তারিখে বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকায় ভর্তিকৃত রোগীদের সাথে পবিত্র ঈদ-উল-আযহার শুভেচ্ছা বিনিময় ও উপহার প্রদান করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি।



১০ জুলাই ২০২২ তারিখে সুনামগঞ্জ ব্যাটালিয়ন (২৮ বিজিবি) এর ডুলুরা বিওপি পরিদর্শন শেষে পবিত্র ঈদ-উল-আযহার দিন সীমান্তবর্তী প্রত্যন্ত অঞ্চলের পূর্ব ডুলুরা গ্রামে বন্যাদুর্গত মানুষের মাঝে ত্রাণ বিতরণ করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি।

bgbbuletin@gmail.com
www.bgb.gov.bd



১০ জুলাই ২০২২ তারিখে সুনামগঞ্জ ব্যাটালিয়ন (২৮ বিজিবি) এর কোয়ার্টার গার্ড পরিদর্শনকালীন গার্ড সালাম গ্রহণ করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল সাকিল আহমেদ, এসপিপি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি।




১৭ জুলাই হতে ২১ জুলাই ২০২২ তারিখ পর্যন্ত বিজিবি সদর দপ্তর, পিলখানা, ঢাকায় অনুষ্ঠিত ৫২তম বিজিবি-বিএসএফ মহাপরিচালক পর্যায়ে সীমান্ত সম্মেলনের আলোকচিত্র।

## আভিযানিক কার্যক্রম



০৭ জুলাই ২০২২ তারিখে নেত্রকোণা ব্যাটালিয়ন (৩১ বিজিবি) এর মহেষখোলা বিওপি এবং ১৭০ বিএসএফ ব্যাটালিয়নের মহেষখোলা বিএসএফ ক্যাম্পের সাথে সমন্বিত টহল পরিচালনার আলোকচিত্র।




৩১ জুলাই ২০২২ তারিখে টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি) এর টহলদল বিশেষ অভিযান পরিচালনা করে ৪.২৭৮ কেজি ক্রিস্টাল মেথ আইস, ১,৫০,০০০ পিস ইয়াবা ট্যাবলেট, ০১টি কাঠের নৌকা এবং ২৫ কেজি কারেন্ট জাল আটক করে যার সিজার মূল্য ২৫,৮৯,৪০,০০০/- টাকা।

## প্রশিক্ষণ কার্যক্রম



বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ এর ব্যবস্থাপনায় পরিচালিত ক্ষুদ্রাস্ত্র কোর্স-০১/২০২২ এর ফিল্ড ফায়ারিং রেঞ্জে ৪০ মিঃ মিঃ আরএল অস্ত্রের লক্ষ্যস্থির পরীক্ষা করেন কমান্ড্যান্ট, বিজিটিসিএন্ডসি, বায়তুল ইজ্জত, চট্টগ্রাম।



বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ এর ব্যবস্থাপনায় পরিচালিত ৯৮তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণে রিক্রুটদের এ্যাসল্ট বেয়োনেট ফাইটিং মহড়া প্রদর্শনের আলোকচিত্র।

## সিজার প্রতিবেদন

বর্ডার গার্ড বাংলাদেশ কর্তৃক জুলাই ২০২২ মাসে ১১৯,৮২,৭৪,৭০৪/- টাকা মূল্যের মাদকদ্রব্য এবং চোরাচালানি পণ্য আটক করা হয়েছে। আটককৃত মাদকদ্রব্যের মধ্যে ১০,৯৪,২৬৫ পিস ইয়াবা ট্যাবলেট, ৩০,৫২৯ বোতল ফেনসিডিল, ৩.৯২৪ কেজি হেরোইন, ১৪,৮১৮ বোতল বিদেশি মদ, ৪,৯৮৫ বোতল বিয়ার, ৩৫৪.২৫০ লিটার দেশি মদ, ২,৭৭৯.৪৪ কেজি গাঁজা, ১১.৮৩৩ কেজি ক্রিস্টাল মেথ আইস এবং ৯২৩টি নেশা জাতীয় ইনজেকশন রয়েছে। বিভিন্ন প্রকারের উদ্ধারকৃত অস্ত্র ও গোলাবারুদের মধ্যে রয়েছে ৬টি পিস্তল, ৭টি রাইফেল, ১টি রাইফেল ব্যারেল, ১১টি গান (বন্দুক), ৫টি ম্যাগাজিন, ১টি মর্টার শেল এবং ২৮ রাউন্ড গোলাবারুদ। এছাড়াও অবৈধভাবে পাচারকালে ১৩ জন পুরুষ, ৭ জন নারী ও ১১ জন শিশু উদ্ধার করা হয়েছে। এ ব্যাপারে ২,৬৫০টি মামলা দায়ের এবং ২৮৪ জন চোরাকারবারিকে আটক করা হয়েছে।

## মৃত্যু প্রতিবেদন

| ক্রমিক | নম্বর, পদবি ও নাম | ইউনিট | মৃত্যুর তারিখ | মৃত্যুর কারণ |
|---|---|---|---|---|
| ১। | রিক্রুট-৯০৮ রিক্রুট ফায়সাল আহম্মেদ ফাহিম | চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) | ০২ জুলাই ২০২২ | হার্ট এ্যাটাক |
| ২। | নম্বর-৫১৪৮২ হাবিলদার মোঃ মোজাম্মেল হক | সুনামগঞ্জ ব্যাটালিয়ন (২৮ বিজিবি) | ০৭ জুলাই ২০২২ | অসুস্থতা |
| ৩। | বাবুর্চি-৪৮০৯ বাবুর্চি মোঃ জাহাঙ্গীর আলম | ময়মনসিংহ ব্যাটালিয়ন (৩৯ বিজিবি) | ০৮ জুলাই ২০২২ | হৃৎপিন্ডের ভাল্ব অকার্যকর হয়ে |
| ৪। | জেসিও-৬৮০০ সুবেদার মোঃ আব্দুল্লাহ (পিআরএল) | জামালপুর ব্যাটালিয়ন (৩৫ বিজিবি) | ১৮ জুলাই ২০২২ | অসুস্থতা |
| ৫। | নম্বর-৫৭২৫২ হাবিলদার মোঃ হুমায়ুন কবির | যামিনীপাড়া ব্যাটালিয়ন (২৩ বিজিবি) | ১৯ জুলাই ২০২২ | পিত্তথলির ক্যান্সার |

## দৃষ্টান্তমূলক শাস্তির বিবরণ

| ক্রমিক | নম্বর, পদবি, নাম ও ইউনিট | অপরাধের সংক্ষিপ্ত বিবরণ, প্রদত্ত শাস্তি ও শাস্তি প্রদানের তারিখ |
|---|---|---|
| ১। | নম্বর-৪২৫৭৯ হাবিলদার<br>মোঃ আলমগীর ভূইয়া<br>সিলেট ব্যাটালিয়ন (৪৮ বিজিবি) | শ্রীপুর বিওপিতে টহল কমান্ডারের দায়িত্বে নিয়োজিত থাকাকালীন টহল দলের অন্যান্য সদস্যদের সাথে পরস্পর যোগসাজশে চোরাকারবারিদের ৩৫-৪৮টি ভারতীয় মহিষ বাংলাদেশের অভ্যন্তরে পাচারের সহায়তার বিনিময়ে ১৭,০০০/- টাকা উৎকোচ গ্রহণ এবং উক্ত অর্থ টহলদল নিজেদের মধ্যে বন্টন করে ৫,০০০/- টাকা নেয়ার মাধ্যমে অসামরিক পরিমণ্ডলে বিজিবি'র সুনাম ক্ষুণ্ন করেন। **প্রদত্ত শাস্তি : দুই-তৃতীয়াংশ আর্থিক সুবিধাসহ চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ-০৩-০৭-২২।** |
| ২। | নম্বর-৬২৭৬৯ ল্যান্স নায়েক<br>মুহাম্মদ আব্দুর রব<br>সিলেট ব্যাটালিয়ন (৪৮ বিজিবি) | শ্রীপুর বিওপিতে টহলদলের সদস্য হিসেবে পরস্পর যোগসাজশে চোরাকারবারিদের ৩৫-৪৮টি ভারতীয় মহিষ পাচারের সহায়তার বিনিময়ে ১৭,০০০/- টাকা উৎকোচ গ্রহণ করে নিজেদের মধ্যে বন্টন করে ৫,০০০/- টাকা নেয়ার মাধ্যমে অসামরিক পরিমণ্ডলে বিজিবি'র সুনাম ক্ষুণ্ন করেন। **প্রদত্ত শাস্তি : দুই-তৃতীয়াংশ আর্থিক সুবিধাসহ চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ০৩-০৭-২২।** |
| ৩। | নম্বর-৬৫৪১৬ ল্যান্স নায়েক<br>দুলাল মিয়া<br>সিলেট ব্যাটালিয়ন (৪৮ বিজিবি) | শ্রীপুর বিওপিতে টহলদলের সদস্য হিসেবে পরস্পর যোগসাজশে চোরাকারবারিদের ৩৫-৪৮টি ভারতীয় মহিষ পাচারের সহায়তার বিনিময়ে ১৭,০০০/- টাকা উৎকোচ গ্রহণ করে নিজেদের মধ্যে বন্টন করে ৫,০০০/- টাকা নেয়ার মাধ্যমে অসামরিক পরিমণ্ডলে বিজিবি'র সুনাম ক্ষুণ্ন করেন। **প্রদত্ত শাস্তি : দুই-তৃতীয়াংশ আর্থিক সুবিধাসহ চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ০৩-০৭-২২।** |
| ৪। | নম্বর-৯১৭৫২ সিপাহী<br>মোঃ তানভীর হোসেন<br>যামিনীপাড়া ব্যাটালিয়ন (২৩ বিজিবি) | বয়সপূর্তির পূর্বে বিবাহ, তাইন্দং বিওপিতে কর্মরত থাকাকালীন আনুমানিক ০০২৫ ঘটিকায় লুঙ্গি ও লাল গেঞ্জি পরিহিত অবস্থায় অসামরিক ব্যক্তির বাড়িতে অনৈতিক উদ্দেশ্যে (স্বামী-স্ত্রীর মিলন দেখার জন্য) গমন এবং চোর চোর বলে ধাওয়া করলে দৌড়ে বিওপিতে প্রবেশ ও ব্যক্তিগত মোবাইলে স্ত্রীর একান্ত ব্যক্তিগত ছবিসহ আরও কিছু মহিলার অশ্লীল ছবি সংরক্ষণ এবং ফেইসবুকের মাধ্যমে অসংখ্য মেয়ের সাথে অসৎ উদ্দেশ্যে বার্তা প্রদান করে অসামরিক পরিমণ্ডলে বিজিবি'র সুনাম ক্ষুণ্ন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ০৩-০৭-২২।** |
| ৫। | নম্বর-৮৪৯৬২ সিপাহী আরমোরার<br>মোঃ আব্দুস সামাদ আজাদ<br>ছোটহরিণা ব্যাটালিয়ন (১২ বিজিবি) | পরকীয়া সম্পর্কের জের ধরে জনৈকা রোমানা আক্তার রুমি (তালাকপ্রাপ্তা) এর সাথে দ্বিতীয় বিবাহ, কাবিননামায় স্ত্রী নেই মর্মে মিথ্যা তথ্য প্রদান এবং ১ম স্ত্রী ও সন্তানদের ভরণ-পোষণ না দেয়া, প্রথম স্ত্রীকে নিয়ে সংসার করতে অনিচ্ছাসহ তালাক প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে অসামরিক পরিমণ্ডলে বিজিবি'র সুনাম ক্ষুণ্ন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ০৬-০৭-২২।** |
| ৬। | নম্বর-১০২৩১৬ সিপাহী<br>মোঃ জুয়েল রানা<br>বাবুছড়া ব্যাটালিয়ন (৭ বিজিবি) | তালিকাভুক্তির পূর্বে বিবাহ, ভুয়া কাবিননামা দাখিল করা, ৫,০০,০০০/- টাকা যৌতুক হিসেবে গ্রহণ করাসহ স্ত্রীকে শারীরিক ও মানসিক নির্যাতন করে অসামরিক পরিমণ্ডলে বিজিবি'র সুনাম ক্ষুণ্ন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ০৬-০৭-২২।** |

| ক্রমিক | নম্বর, পদবি, নাম ও ইউনিট | অপরাধের সংক্ষিপ্ত বিবরণ, প্রদত্ত শাস্তি ও শাস্তি প্রদানের তারিখ |
|---|---|---|
| ৭। | নম্বর-১০৮৯৫৬ সিপাহী<br>আব্দুল্লাহ<br>চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) | তার পিতা স্ট্রোক করে গুরুতর অসুস্থ হয়ে মুমূর্ষু অবস্থায় কিশোরগঞ্জ সদর হাসপাতালে ভর্তি রয়েছেন মর্মে কর্তৃপক্ষের নিকট মিথ্যার আশ্রয় নিয়ে ছুটির আরজ করলে কর্তৃপক্ষ তার বাড়িতে যোগাযোগ করে জানতে পারে যে, তার পিতা পূর্ব থেকেই ডায়াবেটিস রোগে আক্রান্ত হয়ে নিজ বাড়িতে অবস্থান করছেন। এছাড়াও সাময়িক ছুটিতে গমন করে অনুপস্থিত থাকার অপরাধে অধিনায়ক কর্তৃক তাকে ২৮ দিনের সশ্রম কারাদন্ড শাস্তি প্রদান করা হলে সে চিৎকার করে উক্ত শাস্তি গ্রহণে অস্বীকার এবং কোয়ার্টার গার্ডে প্রবেশ করতে অস্বীকৃতি জানায়। কোয়ার্টার গার্ডের দেয়ালে তার মাথা নিজে আঘাত করে অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হওয়ার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : ০৩ (তিন) মাসের সশ্রম কারাদন্ড যা অসামরিক কারাগারে ভোগ করবেন এবং চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ০৬-০৭-২২।** |
| ৪। | নম্বর-১০৫১৫৫ সিপাহী<br>রিশাদ<br>রামগড় ব্যাটালিয়ন (৪৩ বিজিবি) | বয়সপূর্তির পূর্বে বিবাহ, সুমি আক্তার ঝুমুরের সাথে পরকীয়ায় আসক্ত হয়ে স্ত্রীর সাথে যোগাযোগ না রাখা, ভরণ-পোষণ না দেয়া, খারাপ আচরণ ও মারধর করা, স্ত্রীকে জোরপূর্বক তালাক প্রদানের জন্য চাপ প্রয়োগসহ অকথ্য ভাষায় গালিগালাজ করা, পরবর্তীতে তালাক প্রদান ও দেনমোহরের টাকা হাতে ধরিয়ে মোবাইল ফোনে ভিডিও ধারণ করা, তদন্ত আদালতে মিথ্যা বিবৃতি প্রদান, তদন্ত পর্ষদের সামনে স্ত্রীর পরিবারকে পৃথিবীতে বেঁচে থাকতে দিবে না মর্মে হত্যার হুমকি প্রদান করে অসামরিক পরিমণ্ডলে বিজিবি'র সুনাম ক্ষুণ্ন করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ১৭-০৭-২২।** |
| ৯। | নম্বর-৬৯৬০১ নায়েক<br>শ্যামল চন্দ্র শর্মা<br>পত্নীতলা ব্যাটালিয়ন (১৪ বিজবি) | চকচন্ডি বিওপিতে কর্মরত থাকাকালীন চোরাকারবারিদের চোরাচালানী কাজে সহায়তা করা, রাত্রিকালীন টহলরত অবস্থায় জব্দকৃত ০৬ প্যাকেট নেশা জাতীয় সিরাপ অসামরিক ব্যক্তিকে প্রদানের বিনিময়ে ৪০,০০০/- টাকা উৎকোচ গ্রহণ, নিয়ম বর্হিভূতভাবে ব্যক্তিগত মোবাইল ফোন দিয়ে চোরাকারবারিদের সাথে যোগাযোগ স্থাপন, টহলদল কর্তৃক জব্দকৃত চোরাচালানী মালামাল হতে ০১ প্যাকেট (০৮ বোতল) মদ সিজার দেয়ার উদ্দেশ্যে গ্রহণ করার মাধ্যমে অসামরিক পরিমণ্ডলে বিজিবি'র ভাবমূর্তি ক্ষুণ্ন করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ২০-০৭-২২।** |
| ১০। | নম্বর-৮৬৯৩৮ সিপাহী চালক<br>ইউসুফ আলী, সদর ব্যাটালিয়ন, ঢাকা | তালিকাভুক্তির পূর্বে বিবাহ, ভুয়া কাবিননামা অফিসে জমা করা, দ্বিতীয় বিবাহ এবং তা কর্তৃপক্ষের নিকট গোপন করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ২০-০৭-২২।** |
| ১১। | নম্বর-৯০৭৬৩ সিপাহী<br>মোঃ এরশাদুল ইসলাম<br>পত্নীতলা ব্যাটালিয়ন (১৪ বিজবি) | চকচন্ডি বিওপিতে কর্মরত থাকাকালীন চোরাকারবারিদের চোরাচালানী কাজে সহায়তা করা, রাত্রিকালীন টহলরত অবস্থায় জব্দকৃত ০৬ প্যাকেট নেশা জাতীয় সিরাপ অসামরিক ব্যক্তিকে প্রদানের বিনিময়ে ৪০,০০০/- টাকা উৎকোচ গ্রহণ, নিয়ম বর্হিভূতভাবে ব্যক্তিগত মোবাইল ফোন দিয়ে চোরাকারবারিদের সাথে যোগাযোগ স্থাপন, টহলদল কর্তৃক জব্দকৃত চোরাচালানী মালামাল হতে ০১ প্যাকেট (০৮ বোতল) মদ সিজার দেয়ার উদ্দেশ্যে গ্রহণ এবং উৎকোচের টাকার জন্য অসামরিক ব্যক্তির বাড়িতে গিয়ে চাপ প্রয়োগ ও ভয়ভীতি প্রদর্শনের মাধ্যমে অসামরিক পরিমণ্ডলে বিজিবি'র ভাবমূর্তি ক্ষুণ্ন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ২০-০৭-২২।** |
| ১২। | পরি-১০৩৮৬ পরিচ্ছন্নতাকর্মী<br>মোঃ হাফিজুর রহমান<br>ইএমই পরিদপ্তর, ঢাকা | কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ২য় বিবাহ, ১ম স্ত্রীকে যৌতুকের দাবীতে নির্যাতন করা এবং স্ত্রী ও সন্তানদের ভরণ-পোষণ না দেওয়ার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ২০-০৭-২২।** |
| ১৩। | জেসিও-৮১৬৪ সুবেদার<br>মোঃ আব্দুল জালাল সরদার<br>তিস্তা ব্যাটালিয়ন-২ (৬১ বিজিবি) | কোম্পানী ও বিওপি কমান্ডার হিসেবে কর্মরত থাকাকালীন চোরাকারবারিদের সাথে যোগসাজশে ১,৩০০টি গরু চোরাচালানে সহায়তার মাধ্যমে ১৫,০০,০০০/- টাকা উৎকোচ গ্রহণ, অসৎ উদ্দেশ্য চারিতার্থ করার জন্য চোরাকারবারিকে বিজিবি টহল দলের গমনাগমনের সময়, যাতায়াতের রাস্তা, গোপনীয় ও স্পর্শকাতর তথ্য প্রদান, ব্যাটালিয়ন হাবিলদার মেজরকে উৎকোচের টাকার ভাগ প্রদান করার পরিকল্পনা গ্রহণ, সীমান্ত এলাকায় তার নিজস্ব সোর্স নিয়োগ করে ব্যাটালিয়ন সদরের কোন কর্মকর্তা বিওপি ও সীমান্ত এলাকায় গমন করলে তার আগাম সংবাদ গ্রহণ করাসহ সার্বিকভাবে গরু চোরাচালানে প্রধান পরিকল্পনাকারী ও সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : ৫০% আর্থিক সুবিধাসহ চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ২১-০৭-২২।** |
| ১৪। | নম্বর-৯৪৮৫৯ সিপাহী<br>হামিদুর রহমান<br>পত্নীতলা ব্যাটালিয়ন (১৪ বিজবি) | স্ত্রীকে ভরণ-পোষণ না দেয়া, শারীরিক ও মানসিকভাবে নির্যাতন, পুলিশ কর্তৃক তার আহত স্ত্রীকে শ্বশুর বাড়ি হতে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে, চকচন্ডি বিওপিতে কর্মরত থাকাকালীন রাত্রিকালীন টহলরত অবস্থায় জব্দকৃত ০৬ প্যাকেট নেশাজাতীয় সিরাপ অসামরিক ব্যক্তিকে প্রদানের বিনিময়ে ৪০,০০০/- টাকা উৎকোচ গ্রহণ, তদন্ত আদালতকে জবানবন্দি, প্রশ্নের-উত্তর ও অন্যান্য তথ্য প্রদানে অস্বীকৃতি এবং ঔদ্ধত্যপূর্ণ আচরণের মাধ্যমে চরম ধৃষ্টতা প্রদর্শন করার কারণে ইউনিট কোয়ার্টার গার্ডে অন্তরীণ রাখা হলে কোয়ার্টার গার্ডের কর্তব্যরত সদস্যদের সাথেও ঔদ্ধত্যপূর্ণ আচরণ ও অশ্রাব্য ভাষায় গালাগালি করাসহ নিজেকে চাকুরির অযোগ্য করার লক্ষ্যে ইচ্ছাকৃতভাবে দেয়ালের সাথে মাথায় আঘাত করে আত্মহত্যার চেষ্টা করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : ০৩ (তিন) মাসের সশ্রম করাদণ্ড যা অসামরিক কারাগারে ভোগ করবে এবং চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ২১-০৭-২২।** |
| ১৫। | জেসিও-৭৭৬৬ সুবেদার<br>মোঃ হায়দার আলী<br>ময়মনসিংহ ব্যাটালিয়ন (৩৯ বিজিবি) | কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে হাতিপাগাড় বিওপি'র দায়িত্বপূর্ণ এলাকার বাহিরে সীমান্ত হতে আনুমানিক ১২.৫ কিঃ মিঃ দূরে চিনাপাড়া নামক স্থানে অপর একজন সদস্যকে নিয়ে অসামরিক পোষাকে প্লাস্টিক ব্যাগে করে অস্ত্র ও এ্যামোনিশন বহন করে মোটর সাইকেল যোগে বিশেষ টহলে গমন করেন। টহলে থাকাকালীন একটি গরু বোঝাই নসিমন গাড়ির সামনে মোটর সাইকেল দ্বারা বেরিকেড দিয়ে গাড়ির গতিরোধের চেষ্টা করে ব্যর্থ হলে গাড়ির চাকা লক্ষ্য করে ০৩ রাউন্ড অসতর্কতামূলক ফায়ার করেন এবং ফায়ারকৃত গুলি রিকোশে হয়ে নিজ টহল দলের একজন সদস্যের হাঁটুর নিচে লেগে তিনি আহত হন। এহেন স্পর্শকাতর ঘটনাকে কেন্দ্র করে স্থানীয় জনগণ ও বিভিন্ন মিডিয়ার সাংবাদিকগণ টহল কমান্ডারকে অবরুদ্ধ করেন যা বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচারণার মাধ্যমে অসামরিক পরিমণ্ডলে বিজিবি'র ভাবমূর্তি ক্ষুণ্ন করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ২৪-০৭-২২।** |
| ১৬। | নম্বর-৭৩৮৬৪ নায়েক<br>মোঃ নাহিদুজ্জামান<br>হবিগঞ্জ ব্যাটালিয়ন (৫৫ বিজিবি) | কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ২য় বিবাহ, ২য় স্ত্রীকে স্ত্রীর মর্যাদা না দেয়া, ২য় স্ত্রীর গর্ভের সন্তান নিজের নয় বলে দাবী করা, স্ত্রীকে শারীরিক ও মানসিকভাবে নির্যাতন করা এবং অসামরিক আদালতে ফৌজদারী মামলায় জড়িত হওয়ার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ২৪-০৭-২২।** |
| ১৭। | নম্বর-৯৪২১৮ সিপাহী<br>মোঃ নাজমুল হুসাইন<br>রাজশাহী ব্যাটালিয়ন (১ বিজিবি) | তালিকাভুক্তির পূর্বে বিবাহ, ভুয়া নিকাহনামা জমা করা, স্ত্রীকে তালাক প্রদান, বিবাহের সময় নগদ টাকা, স্বর্ণালংকার, অন্যান্য আসবাবপত্র যৌতুক হিসেবে গ্রহণ এবং যৌতুকবিহীন বিবাহ করেছেন মর্মে প্রতারণার আশ্রয় নিয়ে মহাপরিচালক মহোদয়ের শুভেচ্ছা উপহার গ্রহণ করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বাধ্যতামূলক অবসর, শাস্তি প্রদানের তারিখ- ২৪-০৭-২২।** |
| ১৮। | নম্বর-১০৭২৫৭ সিপাহী<br>মোঃ আব্দুল্লাহ সরদার<br>হবিগঞ্জ ব্যাটালিয়ন (৫৫ বিজিবি) | তালিকাভুক্তির পূর্বে বিবাহ, স্ত্রীকে ভরণ-পোষণ না দেয়া, খোঁজ খবর না নেয়া, মানসিকভাবে নির্যাতন করা এবং স্ত্রীকে নিয়ে ঘর সংসার করতে অনিচ্ছা প্রকাশ করার অপরাধে।<br>**প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ২৪-০৭-২২।** |
| ১৯। | নম্বর-১০৫৯৭৪ সিপাহী<br>মোঃ ফরহাদ হোসেন<br>যশোর ব্যাটালিয়ন (৪৯ বিজিবি) | তালিকাভুক্তির পূর্বে বিবাহ, ৬,০০,০০০/- টাকা যৌতুক গ্রহণ, স্ত্রীকে ভরণ-পোষণ না দেয়া, অতিরিক্ত যৌতুকের দাবীতে স্ত্রীকে মানসিক নির্যাতন, স্ত্রীর সাথে যোগাযোগ না করা এবং স্ত্রীকে অস্বীকার করার জন্য নিজের পিতা-মাতা, দাদা, বোন, ভগ্নীপতি ও চাচাতো বোনকে তদন্ত আদালতের নিকট মিথ্যা বক্তব্য প্রদান করতে প্ররোচিত করে অসামরিক পরিমণ্ডলে বিজিবি'র সুনাম ক্ষুণ্ন করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ২৫-০৭-২২।** |
| ২০। | নম্বর-৬৮৯৮৬ ল্যান্স নায়েক<br>মোঃ শহিদুল ইসলাম<br>আরআইবি, রংপুর | খাগড়াছড়ি ব্যাটালিয়নে (৩২ বিজিবি) কর্মরত থাকাকালীন একই ইউনিটে কর্মরত বিজিডিও-২৮৮ সহকারী পরিচালক (বরখাস্ত) মোহাম্মদ জহিরুল হক এর সাথে পরিচয়ের সুবাদে তার স্ত্রী মোছাঃ সানোয়ারা খাতুনকে নিয়ে অনৈতিক উদ্দেশ্যে বিভিন্ন হোটেলে শারীরিক সম্পর্কে লিপ্ত হতেন। এছাড়াও সরকারি পারিবারিক বাসস্থানে বিভিন্ন সামরিক/অসামরিক ব্যক্তিদের সাথে জ্ঞাতসারে নিজ স্ত্রীকে অনৈতিক কাজের সুযোগ করে দেন এবং তার স্ত্রীর উগ্র যৌনাকাঙ্খা ও অনৈতিক লাভের আশায় জ্ঞাতসারেই বিজিডিও-২৮৮ সহকারী পরিচালক (বরখাস্ত) মোহাম্মদ জহিরুল হকসহ ব্যাটালিয়নে কর্মরত সামরিক/অসামরিক বিভিন্ন ব্যক্তির সাথে অবৈধ পরকীয়া এবং অনৈতিক শারীরিক সম্পর্কে লিপ্ত হওয়ার সুযোগ প্রদান করে সামরিক ও অসামরিক পরিমণ্ডলে বিজিবি'র ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ন করার অপরাধে। **প্রদত্ত শাস্তি : চাকুরি হতে বরখাস্ত, শাস্তি প্রদানের তারিখ- ৩১-০৭-২২।** |